

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা প্রাণিসম্পদ দপ্তর
ঝালকাঠি সদর, ঝালকাঠি

স্মারক নং : ৩৩.০১.৪২৪০.০০০.০০.০৫১.১৯-২৬৬

তারিখ : ৪-০৬/০৮/২০১৯ ইং

নোটিশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক লাইভস্টক এণ্ড ডেইরী ডেভেলপমেন্ট প্রজেক্ট (এলডিডিপি) এর কার্যক্রম মাঠ পর্যায়ে বাস্তবায়ন শুরু হয়েছে। উক্ত প্রকল্পের আওতায় ইউনিয়ন পর্যায়ে প্রকল্প কার্যক্রম বাস্তবায়নে সহযোগিতা এবং সংশ্লিষ্ট ইউনিয়নের প্রাণিসম্পদ খামারীদের প্রয়োজনীয় সেবা প্রদানের জন্য অত্র উপজেলার (পৌরসভা, গাভা-রামচন্দ্রপুর, নবগ্রাম, বিনয়কাঠি, নথুল্লাবাদ, শেখেরহাট, ধানসিড়ি, পোনাবালিয়া) ইউনিয়নের স্থায়ী বাসিন্দা হতে নির্ধারিত ইউনিয়নে ০১ (এক) জন করে লাইভস্টক সার্ভিস প্রোভাইডার Livestock Service Provider (LSP) নির্বাচন করা হবে। নিম্নোক্ত ক্রাইটেরিয়ার ভিত্তিতে যোগ্য প্রার্থীদের নিকট থেকে নাম, পিতার নাম, মাতার নাম, বর্তমান ও স্থায়ী ঠিকানা, মোবাইল নম্বর, জন্ম তারিখ, জাতীয়তা, এনআইডি নম্বর, বৈবাহিক অবস্থা, শিক্ষাগত যোগ্যতা, প্রশিক্ষণ ও অভিজ্ঞতা ইত্যাদি তথ্যাদি সম্মিলিত দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। আগ্রহীদের আগামী ২২/০৮/২০১৯ খ্রিঃ তারিখ বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে প্রয়োজনীয় কাগজপত্রসহ দরখাস্ত জমাদানের জন্য অনুরোধ করা হলো। পরীক্ষার সময়সূচী পরবর্তীতে জানানো হবে।

যোগ্যতা ও অভিজ্ঞতা :

- ১। সংশ্লিষ্ট ইউনিয়ন/পৌরসভার স্থায়ী বাসিন্দা হতে হবে।
- ২। আবেদনকারীর বয়স ২৫-৪৫ বছর হতে হবে।
- ৩। পুরুষ ও নারী উভয়েই (এলএসপি) হিসাবে আবেদন করতে পারবে।
- ৪। ক্ষুদ্র ও প্রান্তিক খামারীদের অগ্রাধিকার দেয়া হবে।
- ৫। শিক্ষাগত যোগ্যতা ন্যূনতম এসএসি/সমমান পাশ হতে হবে।
- ৬। প্রাণিসম্পদ বিষয়ে ডিএলএস বা যুব উন্নয়ন কেন্দ্র বা অন্য কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে প্রশিক্ষণ ও প্রাণিসম্পদ সেবা বা লালন পালন কাজে অভিজ্ঞ ব্যক্তিকে অগ্রাধিকার দেওয়া হবে।
- ৭। কর্মঠ, স্ব-উদ্যোগী ও নেতৃত্ব প্রদানের গুণাবলী থাকতে হবে।
- ৮। অন্যকোন প্রতিষ্ঠানে পূর্ণকালীন কর্মরতদের এবং/অথবা এনএটিপি সিল ও এ.আই টেকনিশিয়ানদের আবেদন করার প্রয়োজন নাই।

প্রয়োজনীয় ডকুমেন্ট/ কাগজ পত্রাদিঃ-

- ১। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ঝালকাঠি সদর, ঝালকাঠি বরাবরে স্ব-হস্তে লিখিত আবেদন পত্র। ২। শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত কপি। ৩। অভিজ্ঞতা/ প্রশিক্ষণ সনদের সত্যায়িত কপি। ৪। নাগরিক সনদ পত্র সত্যায়িত কপি। ৫। জাতীয় পরিচয় পত্র, জন্ম নিবন্ধন সত্যায়িত কপি। ৬। সদ্য তোলা পাসপোর্ট সাইজের ছবি ২ (দুই) কপি সত্যায়িত। ৭। বৈবাহিক অবস্থা।

(মোহাম্মদ ছাহেব আলী)

উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা(অঃদাঃ)

ঝালকাঠি সদর, ঝালকাঠি।

সদস্য-সচিব

বিজ্ঞপ্তি নোটিশ বোর্ডে টানানোর জন্য অনুরোধ করা হলো :

- ০১। উপজেলা নির্বাহী অফিসার, ঝালকাঠি সদর, ঝালকাঠি।
- ০২। উপজেলা কৃষি কর্মকর্তা, ঝালকাঠি সদর, ঝালকাঠি।
- ০৩। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ঝালকাঠি সদর, ঝালকাঠি।

অনুলিপি :

- ০১। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ঝালকাঠি। মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ০২। নোটিশ বোর্ড
- ০৩। অফিস নথি